**খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ**
**খুলনা।**

১৪৩০
স্মারক নং ২৫.৪১.০০০০.০২৫.০০.০৯৬.২০২০-২০২২-১৫০১৪ তারিখঃ ২২/১১/ ২০২৩

**বিষয়ঃ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ( SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত খুলনা বিভাগীয় কমিটির সিদ্ধান্ত সমূহের বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন এবং হালনাগাদ কার্যক্রমের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর গত ২০/১১/২০২৩ খ্রিঃ তারিখের ৪১.২৪.৪০০০.০০০.২৪.০৮৭.২০.১১৮৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের চাহিতমতে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অগ্রগতি প্রতিবেদন অবগতির জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২২.১১.২৩
মোঃ বদিউজ্জামান
উপসচিব
সচিব
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।
ফোন- ০২-৪৭৭৭২২৩৮৬
ই-মেইলঃ kda@kda.gov.bd

অনিন্দিতা রায়
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
ও
সদস্য সচিব, টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ( SDGs)
বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত খুলনা বিভাগীয় কমিটি।

O/C

CamScanner

# টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অগ্রগতি প্রতিবেদন

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা

নভেম্বর, ২০২৩

CamScanner

## টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অগ্রগতি প্রতিবেদন

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-১১ **(অভীষ্ট ১১- অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা)** অর্জনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সমন্বয়কারী মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত। এছাড়াও Revised Mapping of Ministries/Divisions and Custodian Agencies for SDGs Implementation, September 2021 অনুযায়ী এ মন্ত্রণালয় এসডিজি বিষয়ক নিম্নলিখিত ৪ টি সূচকে Lead Ministry হিসাবে দায়িত্বপ্রাপ্তঃ

- **সূচক ১১.১.১-** শহরের বস্তি, বেআইনি স্থাপনা বা অপর্যাপ্ত আবাসনে বসবাসকারী জনসংখ্যার অনুপাত।
- **সূচক ১১.৩.১-** জনসংখ্যা প্রবৃদ্ধি হারের সাথে ভূমি ব্যবহার হারের অনুপাত।
- **সূচক ১১.৩.২-** নিয়মিত ও গনতান্ত্রিকভাবে পরিচালিত নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশীল সমাজের প্রত্যক্ষ অংশগ্রহণ কাঠামো সংবলিত শহরের অনুপাত। এবং
- **সূচক ১১.ক.১-** শহরের আয়তন অনুযায়ী জনসংখ্যা প্রক্ষেপণ ও সম্পদ চাহিদা অঙ্গীভূত করে নগর ও আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নকারী নগরগুলোতে বসবাসকারী জনসংখ্যার অনুপাত।

নিম্নলিখিত ১ টি সূচকে Co-Lead Ministry হিসাবে দায়িত্বপ্রাপ্তঃ

- **সূচক ১১.৭.১-** লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধী ব্যক্তি ভেদে সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত স্থান সংবলিত শহরের ভবনাদি সংবলিত এলাকার গড় অংশ। এবং

নিম্নলিখিত ৬ টি সূচকে Associate Ministry হিসাবে দায়িত্বপ্রাপ্তঃ

- **সূচক ৯.১.১-** সকল মৌসুমে চলাচলের উপযোগী সড়কের ২ কিলোমিটারের মধ্যে বসবাসকারী গ্রামীন জনসংখ্যার অনুপাত।
- **সূচক ৯.খ.১-** মোট মূল্য সংযোজনে মধ্যম ও উচ্চ প্রযুক্তির শিল্পের মূল্য সংযোজনের অনুপাত।
- **সূচক ১২.৭.১ -** টেকসই সরকারি ক্রয় নীতিমালা ও কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী দেশের সংখ্যা।
- **সূচক ১৭.১৮.১-** সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতি অনুযায়ী লক্ষ্যের সাথে সম্পর্ক রেখে পূর্ণ বিভাজনসহ জাতীয় পর্যায়ে টেকসই উন্নয়ন সূচক প্রস্তুতের অনুপাত।
- **সূচক ১৭.১৮.২-** সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতির সাথে সংগতিপূর্ণ জাতীয় পরিসংখ্যান আইন রয়েছে এমন দেশের সংখ্যা। এবং
- **সূচক ১৭.১৮.৩-** তহবিলের উৎস অনুযায়ী, সম্পূর্ণভাবে তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন জাতীয় পরিকল্পনা বিদ্যমান এমন দেশের সংখ্যা।

### Lead Ministry হিসাবে দায়িত্বপ্রাপ্ত ৪ টি সূচকে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অগ্রগতি

| লক্ষ্যমাত্রা | সূচক | অগ্রগতি |
|---|---|---|
| **লক্ষ্যমাত্রা ১১.১**<br>২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মূল্যসাশ্রয়ী আবাসন এবং মৌলিক সুবিধায় প্রবেশাধিকার নিশ্চিত করা সহ বস্তির উন্নয়ন সাধন। | সূচক ১১.১.১ | সূচক ১১.১.১ অর্জনের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ খুলনা শহরের জনগনের জন্য পর্যাপ্ত, নিরাপদ এবং সাশ্রয়ী বাসস্থান প্রদান করতে ময়ূরী আবাসিক এলাকা নামে সম্প্রতি একটি আবাসিক প্রকল্প বাস্তবায়ন করেছে। উক্ত প্রকল্পে ৬৬১ টি প্লট রয়েছে যা ইতিমধ্যে প্লট বরাদ্দ গ্রহিতাদের বুঝিয়ে দেয়া হয়েছে। খুলনা শহরের স্বল্প আয়ের লোকদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে |



২২/১১/২৩
আবু সাঈদ
সহকারী টাউন প্ল্যানার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা

| | | |
|---|---|---|
| | | ময়ূরী আবাসিক এলাকাতে প্রকল্পটির মোট প্লটের ৭.৪৫% প্লট স্বল্প আয়ের লোকদেরকে যৌথভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br><br>ক্রমবর্ধমান আবাসন চাহিদার প্রেক্ষিতে আধুনিক সকল সুযোগ-সুবিধা রেখে আনুমানিক ১০০০ প্লট বিশিষ্ট নিরালা-২ এবং ময়ূরী-২ নামে দুইটি নতুন আবাসিক প্রকল্প খুব দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্প দুইটির ফিজিবিলিটি স্টাডি'র কাজ শেষ হয়েছে, এবং প্রস্তাবিত "ময়ূরী-২" আবাসিক প্রকল্পটির ভূমি অধিগ্রহণের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রকল্প দুইটিতে একটি নির্দিষ্ট অনুপাতে স্বল্প আয়ের লোকদের প্লট বরাদ্দের পরিকল্পনা রয়েছে।<br><br>খুলনা শহরের নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প এর জন্য ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এর আওতাধীন এলাকার মধ্যে ২টি জোনাল অফিস স্থাপন ও স্টাফ কোয়াটার (নওয়াপাড়া ও মংলা এলাকাতে) নির্মাণের লক্ষ্যে আনুমানিক ৬০ একর জমি ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত জোনাল অফিস ও স্টাফ কোয়াটার নির্মাণ করা হলে নওয়াপাড়া ও মংলা এলাকাতে সেবাগ্রহিতাদের সেবা প্রদান সহজ হবে এবং পরিকল্পিত নগরায়নে সহায়ক ভূমিকা রাখা সম্ভব হবে। |
| **লক্ষ্যমাত্রা ১১.৩**<br>২০৩০ সালের মধ্যে সকল দেশে অর্ন্তভুক্তিমূলক ও টেকসই নগরায়ণ ব্যবস্থার প্রসার এবং অংশগ্রহণমূলক, সমন্বিত ও টেকসই জনবসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি। | সূচক ১১.৩.১ | সূচক ১১.৩.১ অর্জনের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ 'খুলনা মাস্টার প্ল্যান-২০০১', 'খুলনা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (মংলা)-২০১৪', 'ডিটেইল্ড এরিয়া প্ল্যান-২০১৮' প্রনয়ন করেছে। কৃষি জমি রক্ষার্থে ও অন্তর্ভূক্ত মূলক টেকসই নগরায়ন নিশ্চিত করতে "বিদ্যমান খুলনা ড্যাপ এরিয়ার বাইরের এলাকার স্ট্রাকচার প্ল্যান, মাস্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন" নামক নতুন মহাপরিকল্পনা প্রনয়নের উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পটি বর্তমানে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। |
| | সূচক ১১.৩.২ | সূচক ১১.৩.২ অর্জনের লক্ষ্যে নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনায় জনসম্পৃক্ততা নিশ্চিত করতে সকল ধরনের পরিকল্পনা প্রণয়ন থেকে শুরু করে পরিকল্পনা চূড়ান্ত করনের সকল পর্যায়ে সমাজের বিভিন্ন শ্রেনী ও পেশার মানুষের সাথে নিয়মিত মত বিনিময় করা হয়। প্রণীত পরিকল্পনা বাস্তবায়নের সময় ও জনসাধারনের সাথে মত বিনিময় সভা করা হয়।<br><br>উল্লেখ্য, গত ২ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১১ ঘটিকায় "বিশ্ব বসতি দিবস ২০২৩" উদযাপন উপলক্ষে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের তত্বাবধানে নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা এর |

22/7/24
মোঃ সাঈদ
সহকারী টাউন প্ল্যানার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা

| | | |
|---|---|---|
| | | সহযোগিতায় কেডিএ বিজয়গাঁথা কমিউনিটি সেন্টারে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে খুলনা সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, সম্মানিত অতিথি হিসেবে খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন যোগদান করেন। বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য ছিল "স্থিতিশীল নগর অর্থনীতির প্রবৃদ্ধি ও পুনরুদ্ধারে টেকসই নগরসমুহই চালিকাশক্তি"। আলোচনা সভায় মুখ্য আলোচক হিসেবে প্রবন্ধ উপস্থাপন করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান জনাব তুষার কান্তি রায়। কেডিএ'র পরিকল্পনা কর্মকর্তা (চলতি দায়িত্ব) জনাব মোঃ তানভীর আহমেদ এর সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর; অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, খুলনা সার্কেল; খুলনা বিশ্ববিদ্যালয় এবং কুয়েটের বিভিন্ন বিভাগ/ডিসিপ্লিনের অধ্যাপকগন; পুলিশ সুপার, খুলনা; বাংলাদেশ ইন্সস্টিটিউট অব প্ল্যানার্স, খুলনা চ্যাপ্টার; ইন্সস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ, খুলনা চ্যাপ্টার; ইন্সস্টিটিউট অব ইন্জিনিয়ার্স বাংলাদেশ, খুলনা; সুশীল সমাজ এর প্রতিনিধিগণ; খুলনা প্রেস ক্লাব এর সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সাংবাদিকগণ, রিহ্যাবের প্রতিনিধি; খুলনা উন্নয়ণ সংগ্রাম সমন্বয় কমিটির সভাপতি এবং কেডিএর সকল ১ম শ্রেনীর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। প্রধান অতিথি তার বক্তব্যে কেডিএর প্রতি জনসাধারনের আস্থা বৃদ্ধিতে কেডিএ'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। এছাড়া সমাজের সকল শ্রেনীর মানুষকে পরিকল্পিত নগরায়নে নিজ নিজ অবস্থানে থেকে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে সততা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান। এছাড়াও মংলা ও নওয়াপাড়ায় ইমারত নির্মাণ ও ড্যাপ এর নির্দেশনার বিষয়ে ব্যাপক প্রচারণার জন্যও অনুরোধ করেন।<br><br>সম্মানিত অতিথি হিসেবে বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন তাঁর বক্তব্যে বলেন, দেশজুড়ে সব মানুষের নিরাপদ ও মানসম্মত বাসস্থান নিশ্চিতে সচেতনতা বাড়াতে হবে। এজন্য ১৯৮৬ সাল থেকে জাতিসংঘের উদ্যোগে বিশ্ব বসতি দিবস পালিত হয়ে আসছে। প্রতি বছরের অক্টোবর মাসের প্রথম সোমবার সারা বিশ্বে দিবসটি পালন করা হয়। বিশ্ব বসতি দিবসের প্রাথমিক উদ্দেশ্য হল পরিকল্পিত নগরায়ন সম্পর্কে মানুষের সচেতনতা বৃদ্ধি করার পাশাপাশি টেকসই উন্নয়ন নীতি বা মাষ্টার প্লান প্রচার করা, যা প্রত্যেকের জন্য নিরাপদ বাসস্থান নিশ্চিত করবে। বিশেষ করে শহরাঞ্চলে উন্নত জীবনযাত্রা এবং |



আবু সাঈদ
সহকারী টাউন প্ল্যানার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা

CS CamScanner

| | | |
|---|---|---|
| | | সাশ্রয়ী মূল্যের আবাসন, গৃহহীনতা এবং নগর পরিকল্পনার মতো সমস্যাগুলির সমাধানের উপর জোর দেয়া হয়। বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য নিরাপদ, পরিকল্পিত, অন্তর্ভুক্তিমূলক এবং স্থিতিশীল নগর প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারের সব প্রতিষ্টানের সমন্বিতভাবে কাজ করতে হবে।<br><br>সভায় সভাপতিত্ব করেন খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান, ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি। সভাপতি সমাপনী বক্তব্যে বলেন, পরিকল্পিত নগরায়নে এবং জনসাধারণের ভোগান্তি দূর ও সেবা সহজীকরণের জন্য আমরা ভূমি ব্যবহারের ছাড়পত্র ও ইমারতের নকশার অনুমোদন এই দুইটি সেবা সম্পূর্ণভাবে অনলাইনে প্রদান শুরু করেছি। এখন হতে যে কোন ব্যক্তি যে কোন অবস্থান হতে কেডিএ অধিভুক্ত এলাকায় ভূমি ব্যবহারের ছাড়পত্রের জন্য আবেদন বা ভূমির অবস্থান নির্নয় করতে পারবেন। এমনকি নিজের আইডি ব্যবহার করে ইমারতের প্ল্যান পাশের জন্য অনলাইনে আবেদন এবং উক্ত প্ল্যানের অনুমোদিত কপি ডাউনলোড করতে পারবেন। আমরা যদি টেকসই নগরের গড়ে উঠা নিশ্চিত করতে পারি, তাহলে আমাদের নগর অর্থনীতির প্রবৃদ্ধি ও পুনরুদ্ধার সহজ হবে। তাই টেকসই নগর গড়ে তোলাই আমাদের মূল লক্ষ্য হওয়া উচিত। আমরা একটি এ্যাপস/অনলাইন প্ল্যাটফরম চালু করতে যাচ্ছি। ফলে সেবাগ্রহীতারা জমির দাগ নম্বর ব্যবহার করে ড্যাপ এর ম্যাপে তার জমির অবস্থান জানতে পারবেন। কেডিএ হতে প্রকল্পের অনুমোদন নিয়ে প্লট বা ফ্লাট বিক্রি করার জন্য রিয়েল এস্টেট ব্যবসায়ীগণকে আহবান জানান। সবাইকে ড্যাপ এর মূল পরিকল্পনা অনুসরণ করে, ইমারত নির্মাণ বিধিমালা মেনে ভবন নির্মাণ করে পরিকল্পিত নগরায়নে সহায়তা করে প্রিয় শহরকে টেকসই নগরায়নে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করে এবং আলোচনা সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সবার পরিসমাপ্তি ঘোষণা করেন।<br><br>বিশ্ব বসতি দিবসের আলোচনা সভায় চেয়ারম্যান, কেডিএ এর বক্তব্যে উদ্ধৃত 'অনলাইন প্ল্যাটফরম' কেডিএ'র ওয়েবসাইটে উন্মুক্ত করা হয়েছে। ফলে কেডিএ তে পরিদর্শন ছাড়াই ঘরে বসে কম্পিউটারে বা মোবাইলের মাধ্যমে ডিটেইল্ড এরিয়া প্ল্যান ও জমির ভূমি প্রকৃতি জেনে বিনিয়োগ করতে পারছেন।<br><br>এছাড়াও বিশ্ব বসতি দিবস ২০২৩ উপলক্ষে কেডিএ অফিস ভবনে ১-৫ অক্টোবর ২০২৩ সেবা সপ্তাহ চালু করা হয়। সেখানে যে কেউ কেডিএ সংক্রান্ত যে কোন বিষয়ে তথ্য ও সেবা গ্রহণ করতে পেরেছে। বিশ্ব বসতি দিবসের |

| | | |
|---|---|---|
| | | প্রতিপাদ্য প্রচারনার জন্য কেডিএর কর্মকর্তা/কর্মচারীগণ ৩টি ট্রাকে করে খুলনা মহানগরের প্রধান প্রধান স্থান প্রদক্ষিণ করে ব্যপক প্রচারনা করে।<br><br>গত ২২/১০/২০২৩ তারিখে চেয়ারম্যান, কেডিএ'র সভাপতিত্বে কেডিএ'র কমিউনিটি সেন্টারে অনুমোদিত নকশা গ্রহণকারী এবং নকশা প্রণয়নকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাথে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। |
| **লক্ষ্যমাত্রা ১১.ক**<br>জাতীয় ও আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা জোরদার করে শহর, উপশহর ও গ্রামীণ এলাকাগুলোর মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত ইতিবাচক সংযোগে সমর্থন দান। | সুচক ১১.ক.১ | সুচক ১১.ক.১ অর্জনের উদ্দেশ্যে শহর ও গ্রামীন এলাকার মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত সম্পর্কগুলোর মাঝে ইতিবাচক সহায়তা দেয়ার জন্য জাতীয় ও আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। মংলা দেশের দ্বিতীয় বৃহত্তর বন্দর। পাশাপাশি পদ্মা সেতু বাস্তবায়নের কারণে মংলা বন্দরের জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। বন্দর নগরী মংলা ও তার আশে পাশের এলাকায় পরিকল্পিত উন্নয়নের জন্য 'খুলনা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (মংলা)-২০১৪' প্রণয়ন করা হয়েছে। শীঘ্রই 'খুলনা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (মংলা) এর হালনাগাদ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। |

22/11/23

আবু সাঈদ
সহকারী টাউন প্ল্যানার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা